মেহেরপুরে জামায়াতের কর্মী সম্মেলন সফল করতে প্রস্তুতি মিছিল

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ২২ নভেম্বর অনুষ্ঠিতব্য কর্মী সম্মেলন সফল করার লক্ষ্যে একটি বর্ণাঢ্য মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) বিকেল ৪ টার দিকে শহরের জেলা মডেল মসজিদ চত্বর থেকে মিছিলটি বের হয়। শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে এসে মিছিলটি শেষ হয়।

মিছিলের নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন।

এসময় মিছিলে মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা কর্মী সম্মেলনের গুরুত্ব তুলে ধরে বলেন, “এই সম্মেলনের মাধ্যমে দলীয় কার্যক্রমকে আরও শক্তিশালী করা হবে এবং কর্মীদের উদ্দীপনা বৃদ্ধি পাবে।

কোটচাঁদপুরে জামায়াত নেতা এনামুল হক হত্যা ঘটনার তদন্ত

শুরু

কোটচাঁদপুরে জামায়াত নেতা এনামুল হক হত্যা ঘটনার তদন্ত শুরু করেছেন (সিআইডি)। আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) ওই ঘটনার তদন্তে আসেন (সিআইডি) ঝিনাইদহ।

জানা যায়, ২০১৪ সালের ১ জানুয়ারি জামায়াত নেতা এনামুল হককে উপজেলা পরিষদ থেকে সাদা পোশাক ধারীরা তুলে নিয়ে যায়। ওইদিন এনামুল হক জামায়াত-সমর্থক চেয়ারম্যান প্রার্থী তাজুল ইসলামের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করতে গিয়ে অপহৃত হন। এরপর ২৬ জানুয়ারি কোটচাঁদপুর পৌর শহরের নাওদাগা গ্রামে তার গুলিবিদ্ধ লাশ পাওয়া যায়। দীর্ঘ ১০ বছর পর এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান বাদী হয়ে গেল ০১/০১/২৪ তারিখে ঝিনাইদহের আমলী আদালতে ১৯ জনকে আসামী করে মামলা দায়ের করেন। আদালত মামলাটি গ্রহণ করে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজ কে এজাহার হিসেবে রেকর্ড করার নির্দেশ দেন।

ওই মামলায় আসামি করা হয় ঝিনাইদহ ৩ আসনের সাবেক সাংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল, নবী নেওয়াজ, জেলা পুলিশ সুপার ,আলতাফ হোসেন (৫৬),জাহিদুল ইসলাম (৪৫), এস আই মিজানুর রহমান (৪৮), এস আই সৈয়দ আলী (৪৬), সমির কুমার (৪০), শফিকুল আজম খান চঞ্চল (৫৮), মিজানুর রহমান খান (৫৫), মতিয়ার রহমান (৪৫), কওছার আলী (৫০) আঃ মতিন (৬০), নজরুল ইসলাম নজু (৪৮), আঃ হান্নান (৫০), শরিফুন্নেছা মিকি, শেখ সোহেল আরমান (৪০), নবি নেওয়াজ (৬০), শফিকুর রহমান (৪৮), শাহাজান আলী (৬০), তাজুল ইসলাম (৬৩) , এনামুল (৪২)।

এনামুল হক ছিলেন কোটচাঁদপুর উপজেলার চাঁদপাড়া গ্রামে আব্দুল মালেকের ছেলে। আজ বৃহস্পতিবার মামলাটি তদন্তে আসেন ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ (সিআইডি) ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী কামাল ও মামলার তদন্ত কর্মকর্তা সিআইডি ইন্সেপেক্টর আব্দুর রহিম। এ ছাড়া সঙ্গীয় পুলিশ সদস্য ছিলেন রাকিবুল ইসলাম ও মিজানুর রহমান।

এ ব্যাপারে ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী কামাল বলেন, ওই ঘটনায় এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান গেল ০১/০১/২৪ তারিখে মামলা দায়ের করেন। এরপর মামলাটি এজাহার হিসেবে নিতে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজকে নির্দেশ দেন আদালত।

তিনি বলেন ওই মামলাটি থানায় এজাহার হওয়ার পর তা গেল ১৬/১০/২৪ তারিখে আদেশ পান তদন্তের। তাঁর ধারাবাহিকতায় তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর মামলা সম্পর্কে আরো বিস্তারিত বলা সম্ভব হবে বলেন ওই কর্মকর্তা।

মুজিবনগরে কৃষি প্রণোদনা কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পক্ষ থেকে ২০২৪-২৫ অর্থবছরের রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) দুপুর ২ টার সময় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজনর উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনার বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর (শের খান), প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক, কৃষি অফিসের কর্মকর্তা-কর্মচারী এবং উপজেলা প্রান্তিক চাষিরা।

উপজেলা কৃষি অফিস সুত্রে জানাগেছে, ২০২৪-২৫ অর্থ বছরে রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, পেঁয়াজ, হাইব্রিড ধান, মসুর বীজ, চাষে প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ৪ হাজার ৪৬০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ২ হাজার ৬৬০ কেজি বীজ বিতরণ করা হবে।

এসব কৃষকদের মাঝে জন প্রতি ১-২ কেজি করে বীজ ও ১০ কেজি এমওপি এবং ১০ কেজি ডিএপি রাসায়নিক সার পর্যায়ক্রমে বিতরণ করা হবে।

কুষ্টিয়ার ভেড়ামারায় ভুয়া চিকিৎসকের তিন মাসের কারাদণ্ড

কুষ্টিয়ার ভেড়ামারায় নিউরো মেডিসিন চিকিৎসকের ভুয়া পরিচয় দিয়ে চিকিৎসা করার দায়ে মেহেদী হাসান রাসেল নামে এক ভুয়া চিকিৎসককে তিন মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে। একইসাথে ২০ হাজার টাকা জরিমানাও করা হয়।

আজ বৃহস্পতিবার দুপুরে ভেড়ামারা পৌরসভার কোচ স্ট্যান্ডে অবস্থিত নিরাময় ডায়াগনস্টিক ও ক্লিনিকে অভিযান পরিচালনা করে ভ্রাম্যমাণ আদালতে তাকে এ জেল ও জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রফিকুল ইসলাম।

এ সময় সিভিল সার্জন ডা: আকুল উদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মিজানুর রহমান ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, ভেড়ামারা পৌরসভার কোচ স্ট্যান্ডে অবস্থিত নিরাময় ডায়াগনস্টিক ও ক্লিনিকে দীর্ঘদিন ধরে প্যারামেডিকেল চিকিৎসক মেহেদী হাসান রাসেল নিজেকে নিউরো মেডিসিন এমবিবিএস (রাজ) সিসিডি বারডেম, ডিপিএম (সিঙ্গাপুর) পিএইচডি ডেনমার্ক (নিউরো ও মেডিসিন) ডিগ্রিধারী চিকিৎসক পরিচয় দিয়ে চিকিৎসাসেবা দিয়ে আসছিলেন।

অভিযোগের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রফিকুল ইসলাম ও সিভিল সার্জন আকুল উদ্দিন অভিযান চালিয়ে ওই ভুয়া এমবিবিএস চিকিৎসককে হাতে নাতে আটক করেন।

এ সময় মেহেদী হাসান রাসেল স্বীকার করেন তিনি প্যারামেডিকেল চিকিৎসক। এমবিবিএস এর কোনো সনদ নেই। পরে তাকে তিন মাসের কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)

রফিকুল ইসলাম বলেন, অভিযুক্ত মেহেদী হাসান রাসেল অন্য এক চিকিৎসকের নাম ও পদবী ব্যবহার করে চিকিৎসা দিচ্ছিলেন। সিভিল সার্জনের দপ্তরে অভিযোগ গেলে যৌথ অভিযান চালানো হয়। এসময় অভিযুক্ত ব্যক্তি আর দোষ স্বীকার করায় তাকে এ কারাদণ্ড প্রদান করা হয়।

পল্লী বিদ্যুতায়ন বোর্ডে বিশাল নিয়োগ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড। প্রতিষ্ঠানটি তাদের ৩টি পদে মোট ৪৮১ জনকে নিয়োগ দেবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে আগামী ০৭ ডিসেম্বর পর্যন্ত।

প্রতিষ্ঠানের নাম : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পদের সংখ্যা : ০৩টি

জনবল নিয়োগ : ৪৮১ জন

১. পদের নাম : সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (ওঅ্যান্ডএম/ইঅ্যান্ডসি/ইআরইউ/পিঅ্যান্ডএম/ইআরসি/এসঅ্যান্ডপি/জিএ স)

পদসংখ্যা : ৩০০টি

বেতন: প্রবেশনকালে মাসিক বেতন ২৯ হাজার ৬০০ টাকা। প্রবেশনকাল শেষে মাসিক বেতন ৩১ হাজার ৮০ টাকা স্কেল নির্ধারিত হবে।

শিক্ষাগত যোগ্যতা : ইলেকট্রিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রি

২. পদের নাম : সহকারী হিসাবরক্ষক বা সহকারী প্লান্ট হিসাবরক্ষক

পদসংখ্যা : ১৫০টি

বেতন: প্রবেশনকালে মাসিক বেতন ২৬ হাজার ১০০ টাকা। প্রবেশনকাল শেষে মাসিক বেতন ২৭ হাজার ৪১০ টাকা স্কেল নির্ধারিত হবে।

শিক্ষাগত যোগ্যতা : বি.কম পাস

৩. পদের নাম : সহকারী স্টোরকিপার

পদসংখ্যা : ৩১টি

বেতন: প্রবেশনকালে মাসিক বেতন ১৮ হাজার ৩০০ টাকা। প্রবেশনকাল শেষে মাসিক বেতন ১৯ হাজার ২২০ টাকা স্কেল নির্ধারিত হবে।

শিক্ষাগত যোগ্যতা : এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ

আবেদনের বয়সসীমা: ১৮ থেকে ৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা বা শহিদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।

আবেদন ফি : পরীক্ষার ফি বাবদ ১ নং পদের জন্য ৩৩৫ টাকা এবং ২ ও ৩ নং পদের জন্য ২২৩ টাকা টেলিটকে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

যেভাবে আবেদন করবেন : আগ্রহী প্রার্থীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

আবেদনের শেষ তারিখ : ০৭ ডিসেম্বর ২০২৪
সূত্র: কালবেলা

দামুড়হুদায় অবৈধ ভাবে মাটি কাটার অপরাধে ৫০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামে মোবাইল কোর্টে অবৈধ ভাবে কৃষি জমির মাটি উত্তোলন করায় উপজেলার চিৎলা গ্রামের জয়নাল আবেদীনের ছেলে চিহ্নিত ভূমিদস্যু আকিরুল ইসলামের ৫০ হাজার টাকা

জরিমানা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান। এ ঘটনায় এলাকাবাসী সাধুবাদ জানান।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) সকাল ১১ টার দিকে মোবাইল কোর্টের মাধ্যমে এ জরিমানা করা হয়।

দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামে কৃষি জমি থেকে অনুমোদন বিহীনভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে মাটি উত্তোলন করায় বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ৪ ধারা অনুযায়ী চিৎলা গ্রামের চিহ্নিত ভূমিদস্যু আকিরুল ইসলামকে মোবাইল কোর্টের মাধ্যমে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান। এসময় মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা পুলিশ।

অভিযান শেষে উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

‘এবার আইপিএল নিলামের সব রেকর্ড ভেঙে দেবেন পন্থ’

আগামী ২৪ ও ২৫ নভেম্বর সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত হবে আইপিএলের মেগা নিলাম। এবারের নিলামে বড় আকর্ষণ ভারতীয় উইকেটরক্ষক ব্যাটার ঋঝভ পন্থ। তিনি আইপিএলের নিলামের সব রেকর্ড ভেঙ্গে দেবেন বলে মনে করেন ভারতের সাবেক ক্রিকেটার রবিন উথাপ্পা।

জিও সিনেমাতে উথাপ্পা বলেন, ‘আমার মনে হয় ঋষভ পান্থকে কিনতে প্রায় ২৫-২৮ কোটি রুপি ব্যয় করা হতে পারে। অবশ্যই একটি বিশাল অঙ্কের টাকা পাবেন এবং এই নিলামে সর্বোচ্চ অর্থ প্রদানকারী খেলোয়াড় হয়ে উঠবেন।’

পাঞ্জাব ও ব্যাঙ্গালুরু পন্থকে দলে টানার চেষ্টা করবে উল্লেখ করে তিনি আরও বলেন, ‘পান্থকে এত দামে কেনা দেখতে আকর্ষণীয় হবে, কারণ

আমি মনে করি পাঞ্জাব কিংস তাকে কিনতে চাইবে এবং আরসিবিও তাকে নেতৃত্বের ভূমিকায় এবং একজন উইকেটরক্ষক ব্যাটসম্যান হিসেবে কিনতে চাইবে।’

শুধু উথাপ্পা নন সাবেক ভারতীয় ক্রিকেটার ও ক্রিকেট বিশ্লেষক আকাশ চোপড়াও মনে করেন দামের রেকর্ড গড়বেন পন্থ। আকাশ বলেন, ‘আমি মনে করি ঋষভ পান্থ আইপিএলের ইতিহাসে সবচেয়ে দামি খেলোয়াড় হতে চলেছেন। যদি পন্থ এবং পাঞ্জাব কিংসের মধ্যে ভালো সম্পর্ক থাকে, তবে তারা তাকে কেনার জন্য কঠোর চেষ্টা করবে, তা না হলে ঋষভ পান্থের জন্য রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু সবচেয়ে সম্ভাব্য গন্তব্য হয়ে উঠবে। তবে আমি বিশ্বাস করি অন্যান্য দলও পান্থের জন্য বিড করবে। এই মেগা নিলামে সবচেয়ে বেশি দামে বিক্রি হতে চলেছেন ভারতীয় খেলোয়াড়রা।’

সূত্র: ইত্তেফাক

মোহিনীর মোহে সংসার ভাঙলেন এ আর রহমান?

ভারতের অস্কারজয়ী সংগীত শিল্পী-সুরকার এ আর রহমান ও সায়রা তাদের দীর্ঘ ২৯ বছরের দাম্পত্যজীবনের ইতি টেনেছেন গতকাল। মানসিক দূরত্ব যে কত কীই ঘটাতে পারে সেকথাই আরও একবার প্রমাণ করে এ জুটির বিয়ে ভাঙার খবরে।

এখবরের রেশ কাটতে না কাটতেই রহমানের ব্যান্ডের বিখ্যাত বেজিস্ট ও সহকর্মী মোহিনী দে তার স্বামী মার্ক এর সঙ্গে বিচ্ছেদের ঘোষণা দিয়েছেন।

এনিডিটিভির প্রতিবেদন অনুযায়ী, বিচ্ছেদের কথা জানিয়ে মোহিনী ইনস্টাগ্রাম পোস্টে লেখেন, ‘আমার প্রিয় বন্ধু,পরিবার এবং অনুরাগীরা, দুঃখের সাথে জানাচ্ছি যে মার্ক এবং আমি পারস্পরিক সম্মতির ভিত্তিতে বিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছি।

আমরা এখনো ভালো বন্ধু, কিন্তু আমাদের জীবনের চাহিদাগুলো ভিন্ন হয়ে যাওয়ায় এই সিদ্ধান্ত আমাদের জন্য প্রয়োজনীয় ছিল।” আমরা একসঙ্গে বিভিন্ন প্রকল্পে কাজ চালিয়ে যাব, যেমন ‘মামোগি’ এবং ‘মোহিনী দে গ্রুপ’। আমাদের কাজের সম্পর্ক আগের মতোই থাকবে।’

মোহিনী ভক্তদের কাছে অনুরোধ করে বলেন, ‘এই কঠিন সময়ে আমাদের সিদ্ধান্তকে সম্মান করুন এবং নেতিবাচক মন্তব্য করা থেকে বিরত থাকুন।’

এদিকে কয়েক ঘণ্টার মধ্যে এ আর রহমান ও মোহিনীর বিচ্ছেদের খবরে নেটিজেনরা দুইয়ে দুইয়ে চার মেলাচ্ছেন। এই খবর জানার পর সোশ্যাল মিডিয়ায় মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে।

একজন রেডিট ব্যবহারকারী রসিকতা করে লিখেছেন, “রহমান এবং তার টিম হয়তো ডিভোর্স ল’ইয়ারের সাথে পুরো রাত কাটিয়েছেন।” মোহিনী পোস্টের কমেন্ট সেকশন বন্ধ রাখলেও, কটাক্ষ করেছেন নেটিজেনরা।

একজন লেখেন, এবার রহমান আর মোহিনী একসঙ্গে নতুন বিয়ের ঘোষণা করলেও আমি অবাক হবোনা।

বলা হচ্ছে মোহিনী ও এ আর রহমান পরকীয়ায় সম্পৃক্ত ছিলেন। সেই সম্পর্ককে বৈধতা দিতেই তারা নিজেদের চলমান সম্পর্ক থেকে বেরিয়ে এসেছেন।

২৯ বছরের মোহিনী দে, ভারতের একজন প্রতিভাবান বেজিস্ট এছাড়াও তিনি জেসন রিচার্ডসন, জাকির হুসেন, উইলো স্মিথ, শিবামনি, জর্ডান রুডেস, এবং স্টিভ ভাই-এর মতো বিখ্যাত শিল্পীদের সঙ্গেও কাজ করেছেন।

রহমানের সঙ্গে ‘গানবাংলা উইন্ড অব চেঞ্জ এবং ‘কোক স্টুডিও’ ছাড়াও দেশে-বিদেশে প্রায় ৪০ টি শো-তে পারফর্ম করেছেন তিনি। ২০২৩ সালের আগস্ট মাসে নিজের এ্যালবাম প্রকাশ করেছেন।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে পিপির নিয়োগ প্রত্যাহারের দাবীতে মানববন্ধন

হোটেল আটলান্টিকার নারী কেলেঙ্কারির অভিযুক্ত আসামীকে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর ও মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি পদ থেকে মোস্তাফিজুর রহমান তুহিনকে অপসারণের দাবীতে মেহেরপুরে মানবন্ধন করেছে বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখা।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসকের কাযার্লয় চত্তরে এ কর্মসূচী পালন করে তারা। তাকে প্রত্যাহার না করা হলে বৃহত্তর আন্দোলনের ঘোষনা দেন তারা।

মানবন্ধনে বক্তব্য রাখেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিক উল আলম ও সাধারণ সম্পাদক মোছাঃ দিলারা পারভীন।

এ সময় তারা বলেন, সামাজিক অবক্ষয় দিন দিন বেড়ে চলেছে। এমন এক ব্যক্তি, যিনি সামাজিক অবক্ষয় ও নারী কেলেঙ্কারির সঙ্গে সরাসরি জড়িত এবং সেই মামলার এক নম্বর আসামি, তাকে কীভাবে একই আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) হিসেবে নিয়োগ দেওয়া হলো? এটি সত্যিই বিস্ময়কর ও প্রশ্নবিদ্ধ। একজন ব্যক্তি, যিনি নারী কেলেঙ্কারির মামলায় অভিযুক্ত এবং বিচারাধীন, তাকে এমন দায়িত্ব দেওয়া কীভাবে সম্ভব? সাধারণ জনগণ এ ধরনের সিদ্ধান্ত মেনে নিতে পারছে না এবং এতে ন্যায়বিচারের প্রতি আস্থা আরও দুর্বল হয়ে পড়ছে।

উল্লেখ্য, মোস্তাফিজুর রহমান তুহিন ওরফে তুহিন আরন্য একটি স্যাটেলাইট টেলিভিশনের স্টাফ রিপোর্টার হিসেবেও দায়িত্ব পালন করছেন। তার বিরুদ্ধে পর্নগ্রাফি ও চাঁদাবাজির অভিযোগে দুটি মামলা চলমান। এ মামলায় তিনি এক সপ্তাহ হাজত বাসও করেছেন। এনিয়ে বিভিণ্ণ গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয় ওই সময়ে।

মুজিবনগর উপজেলা কৃষক দলের প্রস্তুতি সভা

আগামী ২২ শে নভেম্বর জেলা কৃষকদলের বর্ধিত সভা উপলক্ষে মুজিবনগর উপজেলা কৃষকদলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২০ নভেম্বর) বিকালে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় মেহেরপুর জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, গাংনী উপজেলা কৃষক দলের সভাপতি মোতালেব হোসেন, সাধারণ সম্পাদক মোখলেচুর রহমান মুকুল।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী, সিনিয়র সহ-সভাপতি রমজান আলী মেম্বার, সহ-সভাপতি সাব্দার আলী, সাধারন সম্পাদক কুন্নুত আলী, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আশা, দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সভাপতি রিপন আলী, সাধারন সম্পাদক হাবিবুর রহমান প্রমুখ।

এ সময় মুজিবনগর উপজেলা ও ইউনিয়ন কৃষকদলের সকল নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।